দেশ অস্থিতিশীলের অপচেষ্টায় শেখ হাসিনা জড়িত: মির্জা ফখরুল



মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

গুমের মতো গুরুতর ঘটনার পরও অনুতাপ না দেখিয়ে বিদেশে অবস্থান করে দেশকে অস্থির করার চেষ্টা চলছে এমন অভিযোগ তুলেছেন বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তাঁর দাবি, এ ধরনের কর্মকাণ্ড ফৌজদারি অপরাধের শামিল এবং দেশের স্থিতিশীলতার জন্য হুমকি।

রোববার (৮ মার্চ) বাংলাদেশ ফিল্ম আর্কাইভ মিলনায়তনে ‘মায়ের ডাক’ চলচ্চিত্র নির্মাণযাত্রা উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। বক্তব্যে তিনি উল্লেখ করেন, গুমের শিকার পরিবারগুলোর ভবিষ্যৎ এখনও অনিশ্চিত রয়ে গেছে। বিভিন্ন ধরনের সহায়তা দেওয়া হলেও অনেক পরিবার স্বাভাবিক জীবনযাপনে ফিরতে পারেনি।

তিনি আরও বলেন, গুমে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর জন্য নিয়মিত ভাতা নিশ্চিত করা জরুরি। এ বিষয়ে প্রধানমন্ত্রীর কাছে আনুষ্ঠানিক চিঠি পাঠানো হবে বলেও জানান তিনি।

অনুষ্ঠানে উপস্থিত তথ্য প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী বলেন, শুধু বিচার নয় গুমের শিকার ব্যক্তিদের পরিবারের কাছে ফিরিয়ে দেওয়াই হওয়া উচিত অগ্রাধিকার। ভবিষ্যতে দেশে গুম, হত্যা ও রক্তপাতের রাজনীতি আর দেখতে চায় না জনগণ বলেও মন্তব্য করেন তিনি।

LENS ASIA